অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/30/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো সঙ্কটকালীন খাদ্য প্রদানকারীদের নিউ ইয়র্কের পরিবারগুলির কাছে নিউ ইয়র্কের কৃষি পণ্য সরবরাহ অব্যাহত রাখার ঘোষণা করেছেন

নারিশ NY এর জন্য নিবেদিত মোট তহবিল এখন 35 মিলিয়ন মার্কিন ডলার

আজ পর্যন্ত, 16 মিলিয়ন পাউন্ডেরও বেশি দুগ্ধ, উৎপাদন, মাংস এবং আরো নিউ ইয়র্ক কৃষকদের কাছ থেকে কেনা হয়েছে এবং রাজ্য জুড়ে 823,883 পরিবারকে প্রদান করা হয়েছে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে নারিশ নিউ ইয়র্ক প্রোগ্রামের (Nourish New York program) জন্য অতিরিক্ত 10 মিলিয়ন মার্কিন ডলার উৎসর্গ করা হচ্ছে, যা এই প্রোগ্রামে মোট অর্থায়নের পরিমাণ 35 মিলিয়ন মার্কিন ডলারে নিয়ে আসবে। এই অর্থায়ন নিউ ইয়র্কের জরুরী খাদ্য সরবরাহকারীদের নিউ ইয়র্কের কৃষক এবং দুগ্ধ প্রস্তুতকারকদের কাছ থেকে উদ্বৃত্ত পণ্য ক্রয় করা অব্যাহত রাখতে এবং বছরের শেষে নিউ ইয়র্কের দুস্থ পরিবারগুলির কাছে সরবরাহ করতে পারবে, এমন কি ছুটির মৌসুমেও, যা পরিবারগুলির জন্য একটি চ্যালেঞ্জিং সময় হতে পারে। নিউ ইয়র্কের দুগ্ধ চাষীরা মূল বাজার হারানোর কারণে এবং যে উল্লেখযোগ্য চাহিদা নিউ ইয়র্কের খাদ্য ব্যাংকগুলি COVID-19 মহামারীর ফলে দেখছিল, তার কারণে যে আর্থিক সমস্যার সম্মুখীণ হচ্ছিলেন নিউ ইয়র্কের দুগ্ধ চাষীরা তার প্রতিক্রিয়ায় এপ্রিল 2020 সালে গভর্নর প্রথম নারিশ নিউ ইয়র্ক কর্মসূচীর কথা ঘোষণা করেন কর্মসূচী শুরু হওয়ার পর থেকে 16 মিলিয়ন পাউন্ডেরও বেশি দুগ্ধজাত পণ্য, তাজা ফল এবং শাকসবজি, মাংস এবং আরো অনেক কিছু কেনা হয়েছে এবং ৪,২৩,৪৪৩টি পরিবারকে সরবরাহ করা হয়েছে।

"আমাদের সবার জন্য, যার মধ্যে আছে আমাদের কৃষি সম্প্রদায় এবং তারা যে সব পরিবারগুলিকে খাওয়ায়, এই মহামারী অত্যন্ত কঠিন সময়। নারিশ নিউ ইয়র্ক প্রোগ্রাম সফলভাবে আমাদের পরিবার, আমাদের খাদ্য ব্যাংক এবং আমাদের কৃষকদের মধ্যে যে ব্যবধান ছিল, তা দূর করেছে।" **গভর্নর কুওমো বলেন।** "তবুও, আমাদের সমাজে খুব স্পষ্ট চাহিদা আছে। নারিশ নিউ ইয়র্ক কর্মসূচী প্রসারিত করে এবং আমাদের আঞ্চলিক খাদ্য ব্যাংক এবং স্থানীয় খাদ্য সরবরাহকারীদের আরো 10 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করে আমরা নিউ ইয়র্কবাসীদের তাদের প্রয়োজনীয় খাদ্য পেতে সাহায্য করা অব্যাহত রাখতে পারি এবং তার সাথে ছুটির মৌসুমে আমাদের কৃষকদের অর্থনৈতিক সুবিধা নিশ্চিত করতে সাহায্য করতে পারি, যা পরিবারগুলির জন্য একটি চ্যালেঞ্জিং সময় হতে পারে।"

এই প্রোগ্রামের দ্বিতীয় রাউন্ডের জন্য তহবিল প্রদান করা হচ্ছে ফেডারেল করোনাভাইরাস এইড, রিলিফ অ্যান্ড ইকোনমিক সিকিউরিটি অ্যাক্ট (Coronavirus Aid, Relief, and Economic Security Act) থেকে। এটি খাদ্য ব্যাংক এবং জরুরী খাদ্য সরবরাহকারীদের কাছে 31 ডিসেম্বর 2020 পর্যন্ত বর্ধিত বিদ্যমান চুক্তির মাধ্যমে খাদ্য ব্যাংক এবং জরুরী খাদ্য সরবরাহকারীদের কাছে পুনর্বন্টন করা হবে। জরুরী খাদ্য সরবরাহকারীরা তাদের জন্য বরাদ্দকৃত অর্থ খরচ করতে পারেন এইভাবে:

- ঘটনা/দানের মাধ্যমে খাদ্য-ড্রাইভ স্থাপন করা (নির্দেশিকা এখানেউপলব্ধ);
- পনির, দই, দুধ, টক ক্রিম এবং মাখনের মত পণ্যের জন্য মুদির দোকানে রিডিম করা যায় এমন ডেয়ারি ভাউচার বিতরণ, এবং/অথবা;
- তাদের খাদ্য কর্মসূচীর জন্য সরাসরি নিউ ইয়র্ক দুগ্ধ/খাদ্য প্রস্তুতকারকদের কাছ থেকে পণ্য ক্রয় করা।

স্টেটের কৃষি কমিশনার রিচার্ড এ. বল বলেন, "আমি আমাদের গভর্নরকে ধন্যবাদ জানাই নারিশ নিউ ইয়র্ক কর্মসূচীর প্রসারের জন্য, যা সফলভাবে আমাদের কৃষক এবং আমাদের পরিবারের মধ্যে সংযোগ স্থাপন করছে। আমি এই প্রোগ্রামের ব্যাপ্তি এবং যে সম্পর্কগুলি গড়ে উঠেছে তা নিয়ে গর্বিত। নারিশ নিউ ইয়র্ক পরিবারগুলিকে তাজা এবং পুষ্টিকর স্থানীয় খাদ্য এবং আমাদের কৃষি উৎপাদক এবং প্রক্রিয়াকারকদের জন্য একটি প্রয়োজনীয় বাজার প্রদান করেছে। এই মহামারীর মোকাবেলায় একটি রাজ্য হিসেবে আমরা অনেক অগ্রগতি করেছি; যাই হোক, অর্থনৈতিক চ্যালেঞ্জ অনেকের জন্য অব্যাহত রয়েছে। আমি এই অর্থবহ কর্মসূচীর পরবর্তী পর্যায় এবং আমাদের কৃষি সম্প্রদায় এবং আমাদের প্রতিবেশীদের উপর এর দীর্ঘস্থায়ী প্রভাবের জন্য আশা করে আছি।"

রাজ্য স্বাস্থ্য দপ্তরের (State Department of Health) কমিশনার ডঃ হাওয়ার্ড জুকার বলেন, "বিশেষ করে মহামারীর সময়, জনস্বাস্থ্যের জন্য এটা অপরিহার্য যে মানুষের জন্য পর্যাপ্ত পরিমাণে পুষ্টিকর খাবার যেন উপলভ্য থাকে। গভর্নরের পুষ্টি উদ্যোগ এই সময়ে বিশেষভাবে সহায়ক, কারণ এটি এক সাথে দুটি সমস্যার সমাধান করে, ক্ষুধার্ত নিউ ইয়র্কবাসীদের পুষ্টি সহায়তা প্রদান করে এবং অসুবিধায় থাকা কৃষকদের অর্থনৈতিক সহায়তা প্রদান করে।"

শুরু থেকে 25 মিলিয়ন মার্কিন ডলারের নারিশ নিউ ইয়র্ক উদ্যোগ 3,438টি খাদ্য বিতরণকে সমর্থন করেছে, যেমন দুধ, দই, চিজ, পনির, এবং মাংস, সামুদ্রিক খাদ্য, ডিম এবং আরো অনেক ডেয়ারি পণ্য নিউ ইয়র্কের 8,23,883টি পরিবারকে প্রদান করে। খাদ্য ব্যাংকের ক্রয়ের মাধ্যমে, 4,140টি খামার প্রভাবিত হয়েছে, কৃষকদের উদ্বৃত্ত দুধ নিষ্পত্তি করা থেকে অব্যাহতি দিয়েছে এবং উৎপাদকদের তাদের পণ্য বিক্রি করার জন্য একটি স্থান সরবরাহ করেছে। 25 মিলিয়ন মার্কিন ডলারের এই বিনিয়োগ অক্টোবরের শেষে ব্যয় করা হবে।

COVID-19 মহামারীর ফলে নিউ ইয়র্কের খাদ্য ব্যাংকগুলোতে নাটকীয়ভাবে চাহিদা বৃদ্ধি পেয়েছে, কিছু কিছু অঞ্চলে 200 শতাংশ পর্যন্ত, যেহেতু বহু নিউ ইয়র্কবাসী টেবিলে খাবার রাখার জন্য

সংগ্রাম করছে। একই সময়ে, নিউ ইয়র্কের কৃষক এবং উৎপাদকরা তাদের নিজস্ব অভূতপূর্ব, চরম আর্থিক সমস্যার সম্মুখীন হয়েছে। অনেকে স্কুল এবং রেস্টুরেন্ট বন্ধ হয়ে যাওয়ার ফলে তাদের বাজারের 50 শতাংশ পর্যন্ত সাময়িকভাবে হারিয়েছেন।

নারিশ নিউ ইয়র্ক উদ্যোগের নেতৃত্বে আছেন:

- স্টেট ক্রিয়াপ্রণালী ও অবকাঠামোর (State Operations and Infrastructure) পরিচালক, কেলি কামিংস
- রিচার্ড বল, কৃষি কমিশনার
- রোসানা রোসাডো, সেক্রেটারি অব স্টেট
- করিম কামারা, অফিস অভ ফেইথ-বেসড কমিউনিটি ডেভেলপমেন্ট সার্ভিসেসের নির্বাহী পরিচালক
- ফ্র্যান ব্যারেট, নন-প্রফিটের পরিচালক
- মাইক হেইন, অফিস অভ টেম্পরারি অ্যান্ড ডিজ্যাবিলিটি অ্যাসিস্ট্যান্সের কমিশনার

###

আরো সংবাদ পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন